

কুমুদিনী ফার্মার ১৮তম বার্ষিক  
সেল্স অ্যান্ড মার্কেটিং কনফারেন্স অনুষ্ঠিত

18th Annual Sales And Marketing  
Conference Of Kumudini Pharma (KPL)



Mr Rajiv Prasad Shaha, Managing Director, Kumudini Welfare Trust (KWT), addressing the gathering at the Conference.

গত ৩১শে মার্চ কুমিল্লা শহরের অদূরে কোটবাড়ির সন্নিহিত সবুজে ঘেরা ম্যাজিক প্যারাদাইস পার্কে কুমুদিনী ফার্মা লিমিটেড (কেপিএল) এর বার্ষিক সেল্স অ্যান্ড মার্কেটিং কনফারেন্স-২০২১ অনুষ্ঠিত হয়। এটি ছিল কোম্পানির ১৮তম বার্ষিক কনফারেন্স।

পবিত্র কোরআন ও পবিত্র শ্রীমদ্ভগবদগীতা থেকে অংশ বিশেষ পাঠের মাধ্যমে অনুষ্ঠানের সূচনা হয়। কুমুদিনী ফার্মার প্রধান নির্বাহী কর্মকর্তা অলিক কৃষ্ণ রায়ের স্বাগত ভাষণ ও কনফারেন্সের উদ্বোধন ঘোষণা শেষে উপস্থিত সকলের উদ্দেশ্যে দিকনির্দেশনামূলক বক্তব্য রাখেন কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের শীর্ষ পদাধিকারী রাজীব প্রসাদ সাহা। তিনি ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক।

সমগ্র বাংলাদেশে কুমুদিনী ফার্মার ২৭টি অঞ্চল থেকে প্রায় এক হাজার কর্মীর অংশগ্রহণে মুখরিত এই বার্ষিক সম্মেলনে আরও উপস্থিত ছিলেন ট্রাস্ট ও ফার্মার উদ্বোধন কর্মকর্তাবৃন্দ।

অনুষ্ঠানের উদ্বোধনের পর বিগত ২০২০ এবং ২০২১ সালে কুমুদিনী ফার্মার যেসব কর্মী আমাদের ছেড়ে না ফেরার দেশে চলে গেছেন তাদের বিদেহী আত্মার শান্তি কামনায় উপস্থিত সকলে দাঁড়িয়ে এক মিনিট নীরবতা পালন করেন।

এই সময়ে কেপিএল এর পরলোকগত কর্মীরা হলেন : ঢাকা অফিসের অডিট অফিসার সুব্রত বণিক। তিনি যোগদান করেন ২২শে জুলাই ২০১৭ সালে এবং সড়ক দুর্ঘটনায় মৃত্যুবরণ করেন ২০শে ফেব্রুয়ারি ২০২০ সালে।

কুমিল্লা অঞ্চলের এমপিও ইব্রাহিম হোসেন বায়জিদ। তিনি যোগদান করেন ২০১৯ সালের ৩রা মার্চ এবং মৃত্যুবরণ করেন ২০২০ সালের ৩রা এপ্রিল।

ফ্যাক্টরি ম্যানেজার মনোরঞ্জন পাল। তিনি নারায়ণগঞ্জে কেপিএল এর ফ্যাক্টরিতে ২০০৩ সালের ৯ই জুন যোগদান করেন এবং ২০২০ সালের ২৪শে এপ্রিল করোনাক্রান্ত হয়ে মৃত্যুবরণ করেন।

কুমিল্লা অঞ্চলের সিনিয়র এমপিও মাহহারুল আমিন। তিনি যোগদান করেন ২০১৩ সালের ১৩ই জুন এবং মৃত্যুবরণ করেন ২০২১ সালের ৬ই জানুয়ারি।

The 18<sup>th</sup> Annual Sales and Marketing Conference of KPL was held on 31<sup>st</sup> March, 2022 at Magic Paradise Park located in Kotbari near Cumilla.

The programme started off with recitations from the Holy Quran and the Holy Gita. After announcing the kick off of the conference and the welcome address by the COE Mr Alik Krishna Roy, the participants were addressed by Mr Rajiv Prasad Shaha, Managing Director of Kumudini Welfare Trust. Over 1,000 employees of KPL from all over the country representing 27 areas participated in the conference along with the Management of KPL as well as key officials of Kumudini Welfare Trust.

After the welcome address, all present stood in silence for a minute in remembrance of the KPL employees who passed away in 2020 and 2021.

**They are:** Mr Subrata Banik – Audit Officer at the Dhaka Office who died in a road accident on 20<sup>th</sup> February, 2020. He joined KPL on 22<sup>nd</sup> July, 2017.

Mr Ibrahim Hossain Bayezid, MPO of Cumilla Region. He joined KPL on 3<sup>rd</sup> March 2019 and passed away on 3<sup>rd</sup> April, 2020.

Mr Monoranj Paul, Factory Manager, Narayanganj. He joined the Narayanganj Plant on 9<sup>th</sup> June, 2003 and passed away on 24<sup>th</sup> April, 2020 from COVID related complications.

Mr Majharul Amin, Senior MPO of the Cumilla region, passed away on 6<sup>th</sup> January, 2021. He joined KPL on 13<sup>th</sup> June, 2013.

Mr Satya Ranjan Chakraborty, Delivery Assistant, Tangail Depot, joined KPL on 16<sup>th</sup> June 2003 and passed away on 5<sup>th</sup> February, 2021.

Mr Md Shahidur Rahman, Assistant Manager (MIS & Sales Admin.). He joined KPL on 1<sup>st</sup> January 2012 and passed away on 20<sup>th</sup> April, 2021.

টঙ্গাইল ডিপোর ডেলিভারি এ্যাসিস্টেন্ট সত্যরঞ্জন চক্রবর্তী। তিনি যোগদান করেন ২০০৩ সালের ১৬ই জুন এবং মৃত্যুবরণ করেন ২০২১ সালের ৫ই ফেব্রুয়ারি।

ঢাকা অফিসের এ্যাসিস্টেন্ট ম্যানেজার MIS & Sales Admin মো. শহিদুর রহমান। তিনি যোগদান করেন ২০১২ সালের ১লা জানুয়ারি এবং করোনাজনিত কারণে মৃত্যুবরণ করেন ২০২১ সালের ২০শে এপ্রিল।

কুমিল্লা অঞ্চলের সিনিয়র এমপিও প্রদীপ কুমার রাউত। তিনি যোগদান করেন ২০১৩ সালের ২রা সেপ্টেম্বর এবং মৃত্যুবরণ করেন ২০২১ সালের ২৩শে জুলাই।

পরলোকগতদের আত্মার শান্তি কামনায় এক মিনিট নীরবতা পালন শেষে বক্তৃতা করেন ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালন রাজীব প্রসাদ সাহা। তিনি বাংলাদেশের মহান স্বাধীনতার এই মার্চ মাসে আমাদের বীর মুক্তিযোদ্ধাদের প্রতি শ্রদ্ধা জানিয়ে তার বক্তৃতা শুরু করেন। তিনি কেপিএল কর্মীদের উদ্দেশ্যে বলেন, বিগত ২০/২১ বছর দুটিতে কোভিডের কারণে আপনাদের সাথে আমার দেখা হয়নি। প্যাডেমিকের প্রভাবে এই বছরগুলোতেও এই প্রভাব থাকবে। কিন্তু কোভিডের কারণে কুমুদিনী ফার্মার কর্মকাণ্ড বন্ধ থাকেনি। তিনি বলেন, এই দুঃসময়েও আমাদের ফ্যাক্টরির নবায়নের কাজ সম্পন্ন হয়েছে।

ব্যবস্থাপনা পরিচালক বলেন, কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্ট একটি ৯০ বছরের ঐতিহ্যবাহী প্রতিষ্ঠান। এই প্রতিষ্ঠানকে এক নামে সবাই চেনে। আপনারা জানেন, কেপিএল একটা শক্ত ভিত্তির উপর দাঁড়িয়ে আছে। তিনি বলেন, কেপিএল এর মূল কাজ চিকিৎসক ও স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানের সাথে। কেপিএল নামটি আপনাদের কাছে একটি বিশাল শক্তি। মার্চকর্মীদের উদ্দেশ্যে তিনি বলেন, সুপিরিয়ররা যে পলিসি দেন তা বাস্তবায়ন করা আপনাদের কাজ।

মি. সাহা বলেন, কুমুদিনী একটি জনকল্যাণমুখী সংস্থা। কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্ট অথবা কেপিএল কোনো ব্যক্তি বা গোষ্ঠীর পরিচর্যা করার জন্য নয়। আপনাদের অর্জিত আয় সাধারণ মানুষের সেবার কাজে লাগে। কুমুদিনী হাসপাতালে শত শত মানুষের চিকিৎসা হয়।

আপনারা ভালো কাজ করলে দেশের মানুষ কুমুদিনী ট্রাস্ট থেকে আরও সেবা লাভ করবে। আপনারাও ভালো থাকবেন। কর্মক্ষেত্রে ফিরে গিয়ে আপনারা ফ্রেশ মন নিয়ে নতুন কর্মোদ্যমে কাজ শুরু করবেন বলে আমি আশা করি।

কনফারেন্সের উদ্বোধনী ঘোষণার আগে কুমুদিনী ফার্মার সিইও অলিক কৃষ্ণ রায় তার সংক্ষিপ্ত ভাষণে বলেন-

আমরা এখানে যারা উপস্থিত আছি, এমপিও থেকে শুরু করে উপরের যে কোনো লেভেলেই কাজ করি না কেন, সবাই একটি নির্দিষ্ট টিমের মেম্বর হিসেবেই কাজ করি। আপনারা জানেন, একজন টিম মেম্বর হিসেবে হোক বা টিম লিডার হিসেবে হোক অন্তত তিনটি বিষয় আমাদের নিশ্চিত করতেই হবে। এই তিনটি বিষয় হলো : Interpersonal Trust, Mutual Respect এবং Authority & Responsibility Delegation.

Mr Pradip Kumar Rauth, Senior MPO, Cumilla Region. He joined KPL on 2<sup>nd</sup> September 2013 and passed away on 23<sup>rd</sup> July, 2021.

After observing a minute's silence in memory of the above employees, the gathering was addressed by Mr Rajiv Prasad Shaha, Managing Director of Kumudini Welfare Trust. He started his speech by first paying his respects to the brave freedom fighters who laid down their lives to free the motherland. He further said that due to COVID he had not been able to meet with employees like this for the past two years. He added that this pandemic has affected the global economy adversely and will continue to do so in the years to come. However, Kumudini's work did not stop because of COVID. Amidst the pandemic KPL continued its operations and work was completed to further modernise the plant.

Mr Shaha stated that Kumudini Welfare Trust has been operating with honour and distinction for the past 90 years. Everyone knows of the work this organisation is doing. Today, KPL stands on a strong foundation. KPL works mainly with doctors and healthcare organisations. The brand KPL is a great tool which sales personnel can avail to meet their targets. Mr Shaha then asked all field level employees to follow the instructions and directives of the management to fulfil their objectives.

Mr Shaha went on to say that Kumudini is mainly a philanthropic institution working towards social development / welfare. The main objective of the Trust or KPL is to serve humanity. If the field workers strive to achieve their goals, they will be contributing to the welfare and well-being of the people of Bangladesh. He encouraged the salesforce to go back to their assignments with a fresh mind and renewed vigour.

Prior to the inaugural address, KPL's COE Mr Alik Krishna Roy stated in his brief address that all sales personnel from the Departmental Heads to the MPOs must remember that they are all going to bat for the same team. He further asked that everyone remembers the



Winners of Performance Award : 2021 with the top management of KPL.

importance of Interpersonal Trust, Mutual Respect and the delegation of Authority and Responsibility.

Mr Roy said that each and every member of the team should aim to fulfil their objectives and that failure was not an option. He finished his address by wishing everyone a safe and successful 2022.



বক্তব্যের শেষে তিনি বলেন, ২০২২ সালে প্রতিটি স্তরের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিকে নিজ নিজ লক্ষ্য অবশ্যই অর্জন করতে হবে। এখানে ব্যত্যয়ের কোনো অবকাশ নেই। অবশেষে সকলের সুস্থতা ও সাফল্য কামনা করে তিনি কনফারেন্সের উদ্বোধন ঘোষণা করেন।

এবারের কনফারেন্সের মূল প্রতিপাদ্য বিষয় ছিল : **ছুটছি সবাই একই সাথে/ সম্ভাবনার আলোর পথে**। এই স্লোগানকে সামনে রেখে কোম্পানির মার্কেটিং ম্যানেজার গোলাম জিলানী মাহবুব আলম ‘Performance Analysis-2021 & Objective -2022’ প্রসঙ্গে তার বক্তব্য উপস্থাপন করেন। তারপর Team

Work Towards Light শীর্ষক একটি চমৎকার Animation Video প্রদর্শন করা হয়। এই পর্যায়ে মি. জিলানীকে সহযোগিতা করেন সেল্‌স ম্যানেজার মো. গোলাম মোস্তফা, পিএমডি ম্যানেজার মো. আবদুর রব ও পিএমডির সংশ্লিষ্ট কর্মকর্তাগণ। অতঃপর ঘোষিত হয় Performance Award-2021. এই পর্বটি পরিচালনা করেন জোনাল হেড বোরহান উদ্দিন খন্দকার, রতন কুমার সাহা, তসলিম হোসেন ও সিদ্ধার্থ শংকর সাহা।

২০২১ সালে কৃতিত্বপূর্ণ অবদানের জন্য বিদেশ ভ্রমণের জন্য নির্বাচিত হয়েছেন এমপিও পর্যায়ে ১৫ জন, এরিয়া ম্যানেজার / এআরএসএম পর্যায়ে ৩ জন এবং আরএসএম পর্যায়ে ১ জন।

এমপিওদের মধ্যে রয়েছেন : ময়মনসিংহ-বি অঞ্চলের মো. রমযান হোসেন; টাঙ্গাইল অঞ্চলের আবু সাঈদ, মুণাল চন্দ্র বর্মণ, প্লাবন খান, নাছির ও মো. আরিফুল ইসলাম; রাজশাহী অঞ্চলের সুখদেব চন্দ্র নাথ; বগুড়া অঞ্চলের মো. নজরুল ইসলাম; নারায়ণগঞ্জ-বি অঞ্চলের মো. দেলওয়ার হোসেন; সাভার অঞ্চলের মো. সাদ্দাম হোসেন, মো. দিদারুল ইসলাম তুহিন, মো. তাইনুল ইসলাম ও মো. তাজরুল ইসলাম; ঢাকা অঞ্চলের মো. রাসিকুল ইসলাম এবং দিনাজপুর অঞ্চলের মো. রাহাত আলী।

এরিয়া ম্যানেজার/এআরএসএম-দের মধ্যে রয়েছেন : টাঙ্গাইল অঞ্চলের মো. গিয়াসউদ্দিন ও রতন কুমার সূত্রধর এবং সাভার অঞ্চলের মো. জাহিদ হোসেন।

বিদেশ ভ্রমণের জন্য সুযোগপ্রাপ্ত একমাত্র আরএসএম হচ্ছেন : সাভার অঞ্চলের রফিকুল ইসলাম মুন্সী।

এবারের কনফারেন্সের আরেকটি উল্লেখযোগ্য ঘটনা হচ্ছে কেপিএল-এর চারজন জোনাল হেডকে ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক দাপ্তরিক কাজে ব্যবহারের লক্ষ্যে গাড়ির চাবি হস্তান্তর।

এছাড়া কনফারেন্সে অন্যান্য কর্মসূচির মধ্যে ছিল র‍্যাফেল ড্র, Sight Seeing, সাংস্কৃতিক অনুষ্ঠান। উল্লেখ্য, সকাল ৮টায় শুরু হয়ে সম্মেলনটি রাত সাড়ে ৮টা নাগাদ সমাপ্ত হয়। ●



*MD of KWT offering the Award for Overseas Travel to Mr Rafiqul Islam Munshi, RSM, Savar.*

The main theme of focus for the convention was: **We are all running together / Towards endless possibilities**. Keeping this slogan in mind, KPL’s marketing Manager Mr Golam Jilani Mahbub-e-Alam made a presentation titled **Performance Analysis 2021 & Objectives for 2022**. This was followed by an excellent animated video with the title **Teamwork Towards Light**. Mr Jilani was assisted by Sales Manager Mr Md. Golam Mostafa, PMD Manager Mr Md. Abdur Rob and members of the PMD team.

Thereafter, the name of the winners of the Performance Award 2021 were announced. This segment of the function was supervised by Zonal Head Mr Borhan Uddin Khondokar, Mr Ratan Kumar Saha, Mr Taslim Hossain and Mr Siddhartha Shankar Saha. Also recognised for their achievements in 2021 were 15

MPOs, 3 Area Managers / ARSMs and 1 RSM.

**The MPOs are : M/s-**

Md Ramzan Hossain– Mymensingh-B Region;  
Abu Sayeed, Mrinal Chandra Barman, Plabon Khan, Nasir & Md Ariful Islam -Tangail Region;  
Shukhdev Chandra Nath–Rajshahi Region;  
Md Nazrul Islam, Bogura Region;  
Md Delwar Hossain, Narayanganj–B Region;  
Md Saddam Hossain, Md Didarul Islam Tuhin,  
Md Tainul Islam & Md Tajrul Islam–Savar Region;  
Md Rasikul Islam–Dhaka Region &  
Md Rahat Ali–Dinajpur Region.

**The Area Managers / Asst. Area Managers are : M/s-**

Md Gias Uddin & Ratan Kumar Sutradhar–Tangail Region;  
Md Zahid Hossain–Savar Region;  
Rafiqul Islam Munshi, RSM, Savar Region won the Award for Overseas Travel.

Another noteworthy event was that four Zonal Heads of KPL received keys to their cars, given to further enable them to function more efficiently.

Among other events were, Cultural Programme, Raffle Draw and Sight Seeing.

The Conference started at 8 am and concluded at around 8:30 pm. ●

## কুমুদিনীতে SEIP এর আওতায় স্পেশালাইজড নার্সিং ও কেয়ারগিভিং প্রশিক্ষণ প্রোগ্রামের উদ্বোধন

## INAUGURATION OF SPECIALISED NURSING AND CAREGIVING PROGRAMME UNDER SEIP

গত ২৬শে ফেব্রুয়ারি মির্জাপুরস্থ কুমুদিনী কমপ্লেক্সের আনন্দ নিকেতন মিলনায়তনে অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের স্কিলস ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (SEIP)-এর আওতায় স্পেশালাইজড নার্সিং ও কেয়ার গিভিং প্রোগ্রামের আনুষ্ঠানিক উদ্বোধন হয়েছে।

অনুষ্ঠানের প্রধান অতিথি ছিলেন অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের সিনিয়র সচিব আবদুর রউফ তালুকদার। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন টেকনিক্যাল ও মাদরাসা শিক্ষা বিভাগের সচিব মো. কামাল হোসেন, জাতীয় স্কিলস ডেভেলপমেন্ট অথরিটি (NSDA) —এর সচিব ও নির্বাহী চেয়ারম্যান দুলাল কৃষ্ণ সাহা এবং এশীয় উন্নয়ন ব্যাংক (ADB)-এর বাংলাদেশ আবাসিক মিশনের কান্ডি ডিরেক্টর এডিমন গিন্টিং। কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্ট আয়োজিত উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন SEIP প্রজেক্টের নির্বাহী প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব) মো. এখলাসুর রহমান।

উদ্বোধনী অনুষ্ঠানে এছাড়াও উপস্থিত ছিলেন টাঙ্গাইলের জেলা প্রশাসক মো. আতাউল গনি, কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক রাজীব প্রসাদ সাহা, ট্রাস্টের তিন পরিচালক প্রতিভা মুৎসুদ্দি, শ্রীমতী সাহা ও শম্পা সাহা, কুমুদিনী হাসপাতালের পরিচালক ডা. প্রদীপ কুমার রায়, নার্সিং কলেজের প্রিন্সিপাল সিস্টার রীনা ম্যাগডালিন ব্রুজ এবং কুমুদিনীর বিভিন্ন প্রতিষ্ঠানের প্রধানগণ।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন সিস্টার রীনা ম্যাগডালিন ব্রুজ। তার ভাষণের পর দুটি প্রামাণ্য চিত্র প্রদর্শিত হয়। একটি SEIP প্রজেক্টের সার্বিক কার্যক্রমের ওপর এবং অপরটি কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের কার্যক্রমের ওপর।

কুমুদিনী নার্সিং কলেজের উপস্থাপনায় সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশনের পর শুরু হয় আলোচনা পর্ব।

এডিবি'র কান্ডি ডিরেক্টর এডিমন গিন্টিং তার বক্তব্যে কুমুদিনীর মহান প্রতিষ্ঠাতা শহীদ দানবীর রণদা প্রসাদ সাহার প্রতি শ্রদ্ধা জানিয়ে বলেন, স্বাস্থ্য ও শিক্ষায় কুমুদিনীর অবদান অসামান্য। দেশের প্রতি তাঁর অবদান চিরস্মরণীয় থাকবে। আমরা কুমুদিনীর সাথে কাজ করতে চাই। অনুষ্ঠানে সচিব দুলাল কৃষ্ণ সাহা ও সচিব মো. কামাল হোসেনও বক্তব্য রাখেন।

স্পেশালাইজড নার্সিং ও কেয়ারগিভিং প্রশিক্ষণ প্রোগ্রাম উদ্বোধন করেন অনুষ্ঠানের প্রধান অতিথি আবদুর রউফ তালুকদার। তিনি তার ভাষণে বলেন, কুমুদিনী ৯০ বছর ধরে শিক্ষা ও স্বাস্থ্য নিয়ে কাজ করছে।



Mr Abdur Rouf Talukder, Senior Secretary, Ministry of Finance, inaugurating the Specialized Nursing and Caregiving Programme as the chief guest.

On 26<sup>th</sup> February 2022, the Specialised Nursing and Caregiving Programmes under "Skills for Employment Investment Programme (SEIP)" was inaugurated at Kumudini Complex. SEIP falls under the purview of the Finance Ministry of the Government of Bangladesh.

The chief guest at the Inauguration Ceremony was Mr Abdur Rouf Talukder, Senior Secretary, Ministry of Finance. The Secretary of the Technical & Madrasah Education Division Mr Md. Kamal Hossain, the Secretary and Executive Chairman of National Skills Development Authority (NSDA) Mr Dulal Krishna Saha and the Country Director of the Asian Development Bank (ADB) for Bangladesh Mr Edimon Ginting were also present as Special Guests. The ceremony (organised by Kumudini Welfare Trust)

was chaired by Mr Md. Ekhlasur Rahman, Executive Project Director (Addl. Secretary), SEIP.

Also present at the inaugural ceremony were Mr Md. Ataul Gani, District Commissioner, Tangail, Mr Rajiv Prasad Shaha, Managing Director, Kumudini Welfare Trust, the 3 Directors of the Trust Ms Protiva Mutsuddy, Mrs Srimati Shaha and Mrs Shampa Shaha, Director Kumudini Hospital Dr Pradip Kumar Roy, Sister Reena Magdalene Cruz, Principal, Kumudini Nursing College as well as other Organisational Heads of the different Units of the Trust.

Sister Reena gave the welcome address, after which 2 documentaries were shown – one on the SEIP Project and the other on the activities of Kumudini Welfare Trust. This was followed by a cultural function, after which a discussion session took place.

In his speech, the Country Director of Asian Development Bank (ADB) Mr Edimon Ginting firstly paid his respects to the founder of Kumudini, the martyred Ranada Prasad Shaha, saying that his contributions to the Healthcare and Education sectors of Bangladesh were immeasurable and will be remembered forever. He also said that ADB is proud to work with such an institution. After Mr Ginting's



Mr Edimon Ginting, Country Director, Bangladesh Resident Mission, ADB speaking as special guest in the inaugural ceremony.

speech Secretary Mr Dulal Krishna Shaha and Secretary Mr Kamal Hossain delivered their speeches.

The Specialised Nursing and Caregiving Programme was officially inaugurated by the chief guest Mr Abdur Rouf Talukder. In his speech he stated that Kumudini has been



সমাজে যারা অবহেলিত, স্বল্প আয়ের মানুষ তাদের প্রতি কুমুদিনী হাত বাড়িয়ে দেয়। কুমুদিনীর কাজে আমরা দক্ষতা যোগ করে দিতে চাই। তিনি বলেন, আমরা কমপক্ষে ১০ বছর কুমুদিনীর সঙ্গে কাজ করতে চাই। আমার বিশ্বাস ১০ বছর পর এই কাজ আপনারা নিজেরাই করতে পারবেন। তিনি ভাষণকালে রণদা প্রসাদ সাহার একটি উক্তি উল্লেখ করে বলেন, ‘চারিটি করা মানুষের ডিউটি’। আমাদের লক্ষ্যও তাই।

রাজীব প্রসাদ সাহা তার বক্তৃতায় বলেন, আমাদের প্রতিষ্ঠাতা শিখিয়েছেন যা-ই করি না কেন তা যেন সাধারণ মানুষের মঙ্গল বয়ে আনতে পারে। নার্সিং ক্ষেত্রে রয়েছে কুমুদিনীর দীর্ঘ অভিজ্ঞতা। চল্লিশের দশকে যখন কুমুদিনী হাসপাতাল প্রতিষ্ঠিত হয় সে সময় এখানে কোনো প্রাতিষ্ঠানিক নার্সিং শিক্ষা ছিল না। তখন আমার দাদু আর পি সাহা ইংল্যান্ড থেকে প্রশিক্ষিত নার্স এনে বাল্যবিধবাদের হাতেকলমে নার্সিং প্রশিক্ষণ দিয়ে নার্স তৈরি করেছেন। ১৯৭৩ সালে দুঃস্থ নারীদের কর্মসংস্থানের জন্য কুমুদিনী নার্সিং স্কুল প্রতিষ্ঠিত হয়। ২০০৭ সালে আমরা এখানে BSc নার্সিং কোর্স চালু করি। ২০১৯ সালে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কুমুদিনী পরিদর্শনে এসে MSc নার্সিং কলেজের উদ্বোধন করেন। অনুষ্ঠানের সভাপতি মো. এখলাসুর রহমান বলেন, এদেশে অনেক বেকার ও অদক্ষ যুবশক্তি রয়েছে। দক্ষ জনশক্তি গড়ে তুলতে এশীয় উন্নয়ন ব্যাংকের সহায়তায় SEIP একটি সফল প্রকল্প। কুমুদিনীর মাধ্যমে SEIP এর প্রশিক্ষণ কার্যক্রম সফলভাবে বাস্তবায়িত হবে বলে আমরা মনে করি।

উদ্বোধনী অনুষ্ঠান শুরুর আগে অতিথিবৃন্দ ভারতেশ্বরী হোমস পরিদর্শনে গেলে সেখানে ছাত্রীরা তাদের সম্মানে মনোজ্ঞ ডিসপ্লে উপহার দেয়। উল্লেখ্য, গত ২৮শে অক্টোবর ২০২১ কুমুদিনীতে বিনা খরচে স্পেশালাইজড নার্সিং ও কেয়ারগিভিং কোর্সে প্রশিক্ষণদানের লক্ষ্যে SEIP এবং KWT এর মধ্যে একটি চুক্তি স্বাক্ষরিত হয়। স্বাক্ষরিত উক্ত চুক্তির আওতায় স্বাস্থ্যসেবা খাতের দক্ষতা উন্নয়নের লক্ষ্যে কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্ট ২০২২ শিক্ষাবর্ষে প্রথম ধাপে স্পেশালাইজড নার্সিংয়ের ছয়টি কোর্সে ১৭০ জন এবং কেয়ারগিভিংয়ের একটি কোর্সে ১৬০ জনসহ সর্বমোট ৩৩০ জনের প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়ন করে।

স্পেশালাইজড নার্সিংয়ের কোর্স ছয়টি হলো : ডিপ্লোমা ইন পেডিয়েট্রিক নার্সিং, ডিপ্লোমা ইন ক্রিটিক্যাল কেয়ার নার্সিং, ডিপ্লোমা ইন ট্রমা নার্সিং, ডিপ্লোমা ইন রেনাল নার্সিং, ডিপ্লোমা ইন অনকোলজি নার্সিং ও ডিপ্লোমা ইন কার্ডিয়াক নার্সিং। কেয়ারগিভিং কোর্সটি হলো : ন্যাশনাল স্কিলস সার্টিফিকেট ইন কেয়ারগিভিং। প্রশিক্ষণার্থীগণ সম্পূর্ণ বিনা খরচে উক্ত কোর্সসমূহে প্রশিক্ষণ নিতে পারবেন। এশীয় উন্নয়ন ব্যাংকের ঋণ সহায়তায় কোর্সগুলো পরিচালনার জন্য SEIP কর্তৃক কুমুদিনীকে অনুদান প্রদানের ব্যবস্থা রয়েছে। ●



*Welcoming Mr Md Ekhlashur Rahman, Executive Project Director, SEIP at Kumudini Complex.*

working tirelessly in the fields of Healthcare and Education for the last 90 years. Kumudini extends its support to the neglected and downtrodden. He added that SEIP would like to further develop the skills of these people and would like to support Kumudini for the next 10 years. Mr Talukder also said that he is confident that after 10 years, Kumudini can do this by itself. During his speech he also quoted philanthropist Ranada Prasad Shaha when he said that **Serving the poor is not Charity but our Duty.** Mr Rajiv Prasad Shaha stated in his speech that our founder taught us that all our actions should be targeted at the welfare of the common man. Kumudini has long experience in the area of Nursing. In the forties when Kumudini Hospital

was first established, there were no institutions providing formal training in Nursing. During that time, Mr. Shaha brought in Nurses from England and provided first-hand training to child-widows, who were the first nurses of Kumudini Hospital. In 1973, Kumudini School of Nursing was formed to provide Nursing training to disadvantaged women. In 2007, we started the B Sc Nursing programme, followed by M Sc in Nursing in 2019. The Kumudini Post Graduate Nursing Institute was inaugurated by our Honourable Prime Minister Sheikh Hasina.

In his speech, the chairperson for the ceremony Mr Md Ekhlashur Rahman stated that there are a huge number of unskilled and unemployed youth in our country. To this end, the SEIP project (with the assistance of ADB) is successfully addressing this shortage. In conclusion, he said that he was confident that the projects undertaken in collaboration with Kumudini will be successful.

Prior to the inaugural function, all guests were taken on a tour of Bharateswari Homes where they were treated to a Physical Education display by the students of the school.

Here, it is worth mentioning that on 28<sup>th</sup> October 2021, Kumudini Welfare Trust and SEIP signed an agreement enabling Kumudini free provision of Specialised Nursing and Caregiving Courses. Under the agreement, during the 1<sup>st</sup> stage, Kumudini will be providing Specialised Nursing training to

170 students (under 6 specialised Nursing programmes) and Care Giving training to 160 students in the academic year 2022. The six programmes under the Specialised Nursing Course are: Diploma in Paediatric Nursing, Diploma in Critical Care Nursing, Diploma in Trauma Nursing, Diploma in Renal Nursing, Diploma in Oncology Nursing and Diploma in Cardiac Nursing. The Care Giving course is: National Skills Certificate in Care Giving. The trainees will receive this training free of cost. Under financial assistance from ADB, SEIP will be providing a grant to Kumudini for conducting these courses. ●



*MD of KWT Mr Rajiv Prasad Shaha stating the past and present activities as well as future programme of KWT in his informative speech.*

## ৫১তম স্বাধীনতা দিবস উদ্‌যাপিত

গত ২৬ মার্চ মির্জাপুরের কুমুদিনী কমপ্লেক্সে ও নারায়ণগঞ্জে রণদা প্রসাদ সাহা বিশ্ববিদ্যালয়ে বাংলাদেশের স্বাধীনতার ৫১ বছর পূর্তির এই মহান দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপন করা হয়। দিবসটি সারা দেশে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস হিসেবে উদ্‌যাপন করা হয়।

করোনা মহামারীর জন্য গত দু'বছর সীমিত পরিসরে ও কঠোর স্বাস্থ্যবিধি মেনে স্বাধীনতা দিবস উদ্‌যাপন করতে হয়েছে। এ বছর করোনা পরিস্থিতি অনেকটাই নিয়ন্ত্রণে থাকায় কুমুদিনী হাসপাতাল, কুমুদিনী মেডিকেল কলেজ, কুমুদিনী নার্সিং কলেজ ভারতেশ্বরী হোমস এবং রণদা প্রসাদ সাহা বিশ্ববিদ্যালয়ে স্বতঃস্ফূর্তভাবে জাতীয় দিবসটি উদ্‌যাপিত হয়।

এ দিন সকাল ৭.৩০ টায় কুমুদিনীর প্রধান ফটকে জাতীয় পতাকা উত্তোলন করে শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করা হয়। জাতীয় পতাকা উত্তোলন করেন কুমুদিনী হাসপাতাল এর পরিচালক ডাক্তার প্রদীপ কুমার রায়। কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজ চত্বরে জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা জ্ঞাপন করেন কমপ্লেক্সের বিভিন্ন প্রতিষ্ঠানের প্রধানগণ, শিক্ষক ও ছাত্রীগণ।



*Celebration of 51st Independence Day of Bangladesh in Kumudini Complex, Mirzapur.*

এ উপলক্ষ্যে নার্সিং কলেজের ছাত্রীরা কয়েকটি দেশাত্মবোধক সঙ্গীত পরিবেশন করে।

সকাল ৮টায় ভারতেশ্বরী হোমসের শহীদ মিনার চত্বরে জাতীয় পতাকা উত্তোলন করেন কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের ম্যানেজিং ডিরেক্টর রাজীব প্রসাদ সাহা। তার সঙ্গে ছিলেন ভারতেশ্বরী হোমসের অধ্যক্ষ।

এ উপলক্ষ্যে ভারতেশ্বরী হোমস আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করে। আলোচনায় অংশ নেন কুমুদিনীর পরিচালক প্রতিভা মুৎসুদ্দী ও শ্রীমতী সাহা, ম্যানেজিং ডিরেক্টর রাজীব প্রসাদ সাহা, কুমুদিনী হাসপাতালের পরিচালক ডা. প্রদীপ কুমার রায়, কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজের অধ্যক্ষ প্রফেসর ডা. মো: আবদুল হালিম, ভারতেশ্বরী হোমসের অধ্যক্ষ ত্রয়ী বড়ুয়া ও দ্বাদশ শ্রেণির ছাত্রী রচনা লস্কর।

স্বাধীনতা দিবস উপলক্ষ্যে ভারতেশ্বরী হোমসের আয়োজনে ছাত্রীরা চিত্রাংকন ও রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণ করে। এছাড়া হোমসের ছাত্রীরা মির্জাপুর উপজেলায় সাংস্কৃতিক প্রতিযোগিতায় অংশগ্রহণ করে উল্লেখযোগ্য সংখ্যক পুরস্কার অর্জন করে।

উল্লেখ্য, ২৬শে মার্চের এই বিশেষ দিনটি কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের ম্যানেজিং ডিরেক্টর রাজীব প্রসাদ সাহা'র জন্মদিন। মহান স্বাধীনতা দিবস উদ্‌যাপনের পাশাপাশি কুমুদিনী পরিবারের সদস্যা-সদস্যবৃন্দ আনন্দ উদ্‌দীপনার সঙ্গে এই দিবসটি পালন করেন।

স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২২ উপলক্ষ্যে ২৭ মার্চ কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজের বি পি পতি হলে এক আলোচনা সভার আয়োজন করা হয়। উক্ত আলোচনা সভায় ভারতেশ্বরী হোমস, কুমুদিনী নার্সিং ইন্সটিটিউট ও কুমুদিনী উইমেন্স কলেজের ছাত্রী ও শিক্ষকমণ্ডলী অংশগ্রহণ করেন। সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন কুমুদিনী হাসপাতালের পরিচালক ডা. প্রদীপ কুমার রায়।

## 51<sup>st</sup> Independence Day Celebrated



*Dr Pradip Kumar Roy, Director, Kumudini Hospital, speaking in a discussion meeting held on Independence Day.*

On 26<sup>th</sup> March, 2022, the 51<sup>st</sup> National Independence of Bangladesh was celebrated in Kumudini Complex, Mirzapur and Ranada Prasad Shaha University (RPSU) with due fervour and pomp.

During the past two years the Independence Day celebrations were somewhat subdued, due to the various restrictions that were in place because of COVID. This year, since the pandemic was largely under control, Kumudini Hospital, Kumudini Women's Medical College (KWMC), Kumudini Nursing College, Bharateswari Homes and Ranada Prasad Shaha University celebrated the National Independence Day in a befitting manner.

On the morning of the 26<sup>th</sup> March, the national flag was hoisted at Kumudini Hospital main gate by Dr Pradip Kumar Roy, in honour of the martyrs of the War of Independence. In Kumudini Women's Medical College, flowers were placed on the likeness of the Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman by the staff and students of KWMC. On this occasion, the students of the Nursing College sang patriotic songs.



*Independence Day and Birth Day celebration of Mr Rajiv Prasad Shaha, Managing Director, KWT.*

At 8 am Mr Rajiv Prasad Shaha, Managing Director of Kumudini Welfare Trust hoisted the national flag in a ceremony held at Bharateswari Homes' Shaheed Minar.





*Floral Wreath is being placed at the image of the Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman on his 102<sup>th</sup> birth anniversary at RPSU.*

বিশেষ অতিথি হিসেবে আলোচনায় অংশ নেন কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজের উপাধ্যক্ষ অধ্যাপক ড. নিরঞ্জন চন্দ্র বসাক এবং ভারতেশ্বরী হোমসের অধ্যক্ষা ত্রয়ী বড়ুয়া।

অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন প্রথমবর্ষ এমবিবিএস-এর ছাত্রী নাকিসা তাবাসসুম নিপুণ এবং কুমুদিনী নার্সিং কলেজের ক্লিনিক্যাল ইনস্ট্রাক্টর সাথী পাল।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কুমুদিনী উইমেন্স কলেজের অধ্যক্ষ অধ্যাপক ডা. এম এ হালিম।

অনুরূপ অনুষ্ঠানের আয়োজন করা হয় নারায়ণগঞ্জের শীতলক্ষ্যায় অবস্থিত রণদা প্রসাদ সাহা বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে।

এই উপলক্ষ্যে মুক্তিযুদ্ধের মহান শহীদদের স্মরণে ফুলেল শ্রদ্ধা জ্ঞাপন করা হয়। এই সময় উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, শিক্ষকবৃন্দ, শিক্ষার্থী ও কর্মকর্তাবৃন্দ। বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে এই উপলক্ষ্যে ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে একটি মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। ●



*Students of RPSU performing patriotic songs in observance of the Independence Day.*

To commemorate the day, Bharateswari Homes arranged a workshop and a cultural programme. The participants in the discussion were: Ms Protiva Mutsuddy, Director, Kumudini Welfare Trust, Mrs Srimati Shaha, Director Kumudini Welfare Trust, Managing Director, Mr Rajiv Prasad Shaha, Dr P K Roy, Director Kumudini Hospital, Professor Dr. Md. Adbul Halim, Principal of KWMC, Ms Troyee Barua, Principal of Bharateswari Homes and Ms Rachana Lascar, a class XII student of Bharateswari Homes. Among other speakers were Ms Shathi Paul, a Clinical Instructor of Kumudini Nursing College and Ms Nafisa Tabassum Nipun, a first year MBBS student of KWMC. The event was chaired by Professor Dr M A Halim, Principal of KWMC.

A Drawing / Painting competition was also held in Bharateswari Homes in which the students of the school participated.

A similar function was held in the campus of Ranada Prasad Shaha University (RPSU) in Narayanganj. On this occasion flowers were placed on the Shaheed Minar in honour of the millions of people martyred in the war of Independence in 1971. Present during the occasion were: The VC, teachers, officials and students of RPSU. Also, a cultural event was organised by the students of RPSU to celebrate the day. ●

## ওয়ার্ল্ড ডেন্টিস্ট ডে : ২০২২ আনন্দ র্যালি ও আলোচনা সভা

## World Dentist Day : 2022 Colourful Rally and Discussion Programme



*A colourful rally by students and teachers of KWMC on World Dentist Day.*

গত ৬ মার্চ ওয়ার্ল্ড ডেন্টিস্ট দিবস : ২০২২ উপলক্ষে কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজ ও ডেন্টাল ইউনিট আনন্দ র্যালি ও আলোচনা সভার আয়োজন করে।

সকালে কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজের প্রধান ফটক থেকে শুরু হয়ে কুমুদিনী হাসপাতাল চত্বর প্রদক্ষিণ করে পুনরায় মেডিকেল কলেজে এসে আনন্দ র্যালিটি শেষ হয়।

পরে কলেজের বি পি পতি হলে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন ভাইস চ্যান্সেলর অধ্যাপক ডা. কামরুল হাসান খান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজ ও হাসপাতালের পরিচালক ডা. প্রদীপ কুমার রায়, কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজের উপাধ্যক্ষ অধ্যাপক ডা. নিরঞ্জন চন্দ্র বসাক এবং কলেজের ডেন্টাল ইউনিটের প্রধান অধ্যাপক ডা. জালাল উদ্দিন মাহমুদ।

সভায় বক্তব্য রাখেন কলেজের মাইক্রোবায়োলজি বিভাগের সহযোগী অধ্যাপক ডা. শামসুন নাহার জলি, অর্থোপেডিকস বিভাগের সহকারী অধ্যাপক ডা. রনি চক্রবর্তী প্রমুখ।

সভায় সভাপতিত্ব করেন কলেজের অধ্যক্ষ অধ্যাপক ডা. মো. আবদুল হালিম।

অনুষ্ঠান উপস্থাপনায় ছিলেন পেডিয়েট্রিক ডেন্টিস্ট বিভাগের সহযোগী অধ্যাপক ডা. সায়মা আক্তার। ●

On 6th March, 2022, the World Dentist Day was celebrated in the Kumudini Complex Mirzapur by Kumudini Women's Medical College (KWMC) and Dental Unit.

In the morning, a large group of students and teachers from KWMC and Dental Unit organised a colourful rally, which started from the main gate of the KWMC and went around the complex at the KWMC University.

The Rally was followed by a discussion in which the Chief Guest was the Ex-VC of Bangabandhu Sheikh Mujibur Rahman Medical University, Professor Dr Quamrul Hasan Khan. Dr Pradip Kumar Ray, Director, Kumudini Hospital, Professor Dr Niranjana Chandra Basak, Vice Principal, KWMC and Prof. Dr Jalal Uddin Mahmud, Head of the Dental Unit of KWMC, were also present as Special Guests.

Among the speakers were Asst Prof Microbiology of KWMC Dr Shamsun Nahar Jolly and Asst Prof Orthopaedics Dr Roni Chakraborty. The event was chaired by the Principal of KWMC Prof Dr Md Abdul Halim.

Asst Prof of Paediatric Dentistry, Dr Sayma Akhtar acted as the presenter of ceremony. ●



*Celebration of World Dentist Day by KWMC Dental Unit.*



## ২৫শে মার্চ স্মরণে অদম্য পদযাত্রায় ভারতেশ্বরী হোমসের ছাত্রীদের অংশগ্রহণ

## Unstoppable March Walk by Bharateswri Homes' Students Commemorating 25<sup>th</sup> March



*Students of Bharateswari Homes with participants of other organisations rendering National Anthem before starting Adomya Padojatra (Unstoppable March) at the Central Shaheed Minar.*

'৭১ এর ২৫শে মার্চ কালোরাতে পাকিস্তান বাহিনীর হত্যাজ্ঞা শুরুর পর জীবন বাঁচাতে নিরুদ্দেশ গন্তব্যে হাঁটতে হয়েছিল কোটি মানুষকে। ৫১ বছর আগের দুঃসহ সেই স্মৃতি উপলব্ধিতে আনা এবং মুক্তিযুদ্ধের স্মৃতি বিজড়িত জায়গাগুলি নতুন প্রজন্মের কাছে তুলে ধরতে ২৬শে মার্চ স্বাধীনতা দিবসে আয়োজন করা হয় রাজধানীর কেন্দ্রীয় শহীদ মিনার থেকে সাভারের জাতীয় স্মৃতি সৌধ পর্যন্ত ৩২ কিলোমিটার পায়ের হাঁটা কর্মসূচি। এই কর্মসূচিতে অংশ নেয় শিক্ষক হেনা সুলতানার নেতৃত্বে ভারতেশ্বরী হোমসের একদল ছাত্রী। শোক থেকে শক্তি: অদম্য পদযাত্রা শীর্ষক এই কর্মসূচির আয়োজন করে মুক্তিযুদ্ধ জাদুঘর ও পর্বত আরোহী সংগঠন অভিযাত্রী।

সকাল ৬ টায় ভারতেশ্বরী হোমসের ছাত্রীদের নেতৃত্বে কেন্দ্রীয় শহীদ মিনার থেকে জাতীয় সঙ্গীত পরিবেশনের মাধ্যমে যাত্রা শুরু হয়। এতে অংশ নেন বিশিষ্ট শিক্ষাবিদ অধ্যাপক ড. মুহাম্মদ জাফর ইকবাল, মুক্তিযুদ্ধ জাদুঘর এর ট্রাস্টি ডা. সারওয়ার আলী, মফিদুল হক, বাংলাদেশ ব্যাংকের জি এম কিশোর মুক্তিযোদ্ধা মহসিন হোসেন, অভিযাত্রী সংগঠক ও পর্বত আরোহী মির্জা জাকারিয়া বেগ, কুমুদিনী নার্সিং কলেজের অধ্যক্ষ সিস্টার রীনা ব্রুজসহ শতাধিক শিক্ষার্থী ও নারী-শিশু। তাদের সাথে বিভিন্ন স্থান থেকে নানা শ্রেণি-পেশার মানুষও যোগ দেন।

পদযাত্রার প্রেক্ষাপট তুলে ধরে সূচনা বক্তব্য রাখেন অধ্যাপক ড. জাফর ইকবাল।

পদযাত্রা দলটি স্বাধীন বাংলার পতাকা হাতে প্রথমে শহীদ আসাদ স্মৃতিস্তম্ভ হয়ে ঢাকা মেডিকেল কলেজের আমতলা গেটের সামনে বিরতি নেয়। সেখান থেকে দলটি যায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং বঙ্গবন্ধুর ঘনিষ্ঠ সহচর জাতীয় চার নেতার স্মৃতিধন্য পুরান ঢাকার কেন্দ্রীয় কারাগারে (বর্তমানে জাদুঘর)। এখানে শিক্ষার্থীরা তাদের প্রতি শ্রদ্ধা নিবেদন করে। সেখান থেকে পদযাত্রী দল হোসেনী দালান সড়ক ধরে বকশীবাজার মোড় হয়ে শহীদ ডা. ফজলে রাব্বি হলের সামনে দাঁড়িয়ে শহীদদের স্মরণ করে। এখান থেকে বুয়েটের প্রধান ফটক সংলগ্ন শহীদ মিনার হয়ে পলাশীর মোড়ে ভাষা শহীদ আবুল বরকত স্মৃতি জাদুঘরের সামনে দিয়ে ইডেন কলেজ পেরিয়ে

After the genocide of 25<sup>th</sup> March, 1971, millions were forced to flee their homes to escape the Pakistani Army. In memory of those dark and terrible days and to revisit memorable sites associated with the war of Liberation, a 32 km long walk (Titled: **From Grief to Strength: The Unstoppable March**) was arranged by the Muktijuddho Jadughar (Museum of the War of Independence) and the Mountaineering Association, from the Central Shaheed Minar in Dhaka to the National Martyrs' Mousoleum in Savar. A group of students from Bharateswari Homes, led by Ms Hena Sultana, a teacher in the school, participated in the walk.

At 6 am the event started with singing of the national anthem by the students of Bharateswari Homes. Among the participants were the prominent educationist Dr Muhammad Zafar Iqbal, Trustees of the Muktijuddho Jadughar Dr Sarwar Ali and Mr Mofidul Haque, Freedom Fighter and GM of Bangladesh Bank Mohsin Hossain, Mountaineer Mirza Zakaria Beg and the Principal of Kumudini Nursing College Sister Reena Cruz. Over 100 other individuals from different walks of life also took part in the walk.

Dr Muhammad Zafar Iqbal, in his introductory speech, explained the context of this walk.

The group, bearing the national flag, started from the Shaheed Asad Smritistombha. They stopped and took a break near Amtala Gate of Dhaka Medical College. From here, the group went to the Dhaka Central Jail (bearing memories of Bangabandhu Sheikh Mujibur Rahman and the Four National Leaders), which is now a museum. Here the students paid their respects. From here the group went to Shaheed Dr Fazle Rabbi Hall via Hussein Dalan Road and Bakshi Bazar junction. Here, they paid their respects to the martyrs of the liberation

ধানমণ্ডি ৩২ নম্বরে এসে পৌঁছায়। সেখানে বঙ্গবন্ধুর স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদন করা হয়। সেখান থেকে গজনবীর মোড়ের মুক্তিযোদ্ধা টাওয়ার হয়ে সকাল ৯টার দিকে পদযাত্রী দলটি পৌঁছায় আগারগাঁও মুক্তিযুদ্ধ জাদুঘরে। এখানে যুক্ত হয় ব্রতচারী দলসহ বিভিন্ন সাংস্কৃতিক দল। সেখানে সাংস্কৃতিক অনুষ্ঠান শেষে মাজার রোড হয়ে মিরপুর শহীদ বুদ্ধিজীবী স্মৃতি সৌধে গিয়ে শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করে।

এরপর পদযাত্রী দলটি দিয়াবাড়ি ঘাট থেকে নৌকায় করে বুড়িগঙ্গা ও তুরাগ নদী অতিক্রম করে দুপুর নাগাদ পৌঁছায় সাদুল্লাহপুরের শতবর্ষী বটমূলে। সেখানে বেগুন বাড়ি স্কুলের ছাত্র শিক্ষকের মিলিত ভালোবাসায় সজ্জা হয়ে দলটি আকরাইন স্কুলে পৌঁছায় বিকাল সোয়া ৩টায়। আকরাইন স্কুলের প্রতিনিধিরা পদযাত্রীদের দুপুরের খাবার পরিবেশন করেন।

দুপুরে কিছুটা বিরতির পর পদযাত্রী দলটি ছুটে যায় কলমা গ্রামে। সেখানে পাকিস্তান বাহিনীর সঙ্গে মুক্তিকামী বাঙালির সম্মুখ যুদ্ধের স্মৃতিচারণ করেন কলমা গ্রামের বাসিন্দারা।

দলটি সাভার ডেইরি ফার্ম গেটে শহীদ টিটোর সমাধিতে শ্রদ্ধা নিবেদনের পর বিকাল সোয়া ৬ টায় জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের প্রধান সড়ক প্রদক্ষিণ করে সন্ধ্যা পৌনে ৮ টার দিকে পদযাত্রী দলটি স্মৃতিসৌধে পৌঁছায়।

সন্ধ্যার নির্জনতার একগ্রচিতে তারা কিছু শপথ বাক্য উচ্চারণ করে-  
হে আমাদের মহান অগ্রজরা, তোমাদের উপর অর্পিত কর্তব্য তোমরা পালন করেছে অসীম সাহসিকতায়, বিরল ভালোবাসায় আর নিপুণ নিষ্ঠায়। কর্তব্যের সময় এবার আমাদের।

“জীবন উৎসর্গকারী হে শ্রেষ্ঠ সন্তানরা, তোমাদের সাহস, ভালবাসা ও নিষ্ঠা সঞ্চারিত হোক আমাদের হৃদয়ে, মস্তিষ্কে। শহীদের রক্তের মতো উজ্জ্বল হয়ে জ্বলে উঠুক আমাদের মেধা-মনন, শিল্পীবোধ ও রুচি। অসাম্প্রদায়িক মানবিকতা, জ্ঞান-দক্ষতা ও সাধনা-শক্তিতে সমাজ হ’য়ে উঠুক বলীয়ান।

“যে মহান আত্মত্যাগে আমরা আজ উচ্চশির-স্বাধীন, সেই ত্যাগ স্মরণ করে শপথ নিই-তোমাদের আত্মত্যাগ বৃথা যেতে দেবো না। যে শক্ত ভিত্তির পত্তন তোমরা করেছো, তারই উপর নির্মাণ করবো সৌধের পর সৌধ। সমৃদ্ধ সাংস্কৃতিক সৌধ, অর্থনৈতিক সৌধ, সম্প্রীতির সৌধ, আর জাতির নব জাগরণের সৌধ”।

উল্লেখ্য, ভারতেশ্বরী হোমসের ছাত্রীরা ২০১৭ সাল থেকে শিক্ষিকা হেনা সুলতানার নেতৃত্বে এই পদযাত্রায় অংশগ্রহণ করে আসছে। ●

movement of Bangladesh. From here the procession went on to Bangabandhu’s residence at Road No. 32, Dhanmondi via the Shaheed Minar at BUET main gate and the Abul Barkat Memorial Museum at Palashi junction. After paying their respects to the Father of the Nation, they moved on to the Muktijoddha Tower at Gaznavi crossing and from there to the Muktijoddho Musuem at Agargaon, where they were joined by various cultural groups. Here there was a cultural function, after which the group went on to Mirpur Martyred Intellectuals’ Memorial to pay their respects.

The group then travelled by boat across the Buriganga and the Turag rivers to the 100 years old Banyan tree at Sadullahpur. The procession halted at the Akraim School, where lunch was organised. From here they went to the village of Kolma where they heard first-hand from the villagers of their experiences and confrontations with the Pakistan army during 1971.

The group then paid their respects to those martyred at Savar Dairy Farm, finally moving to the National Martyrs’ Mausoleum around 8 pm.

Here, in the solemn silence of the evening they vowed;

*‘You, our predecessors, fulfilled your duty with great valour, courage and devotion. Now, it is our turn. You, the best among us, who gave up your lives willingly and selflessly, may your love of the motherland, your devotion and courage be ours. May our deeds, and aesthetics and our feelings reflect this, as brightly as the blood you have shed. May we follow the spirit of patriotism, without recourse to communalism or discrimination.*

*May we never forget your sacrifices, which have enabled us to hold our heads high as citizens of a free and sovereign nation. May we be able to build great monuments of Culture, Economics, Love and new awakenings on the strong foundations that you have built.”*

Here, it may be mentioned that the students of Bharateswari Homes have been participating in this event since 2017. ●



Students and teachers of RPSU marching forward with a banner to pay respect to the language movement martyrs of 21st February.



## আন্তর্জাতিক নারী দিবস কুমুদিনী কমপ্লেক্স ও আরপিএসইউ ক্যাম্পাসে দিবসটি উদ্‌যাপিত

## International Women's Day Celebrated at Kumudini Complex and RPSU Campus



*Discussion Programme on International Women's Day at Mirzapur KWT Complex.*

৮ মার্চ ছিল আন্তর্জাতিক নারী দিবস। অর্থনৈতিক, সামাজিক, রাজনৈতিকসহ উন্নয়নের সর্বক্ষেত্রে নারীর সমান অংশীদারিত্ব এবং সম-অধিকার প্রতিষ্ঠার লক্ষ্যে বিশ্বের অন্যান্য দেশের মতো বাংলাদেশেও সরকারি ও বেসরকারিভাবে যথাযোগ্য মর্যাদায় দিবসটি পালিত হয়েছে। এ উপলক্ষ্যে অবস্টেট্রিক্যাল অ্যান্ড গাইনোকলজিক্যাল সোসাইটি অব বাংলাদেশ হাসপাতাল (ওজিএসবি) টাঙ্গাইল শাখা, কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজ এবং ভারতেশ্বরী হোমস যৌথভাবে বর্ণাঢ্য আনন্দ র্যালি, আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করে কুমুদিনী ক্যাম্পাসে।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজের অধ্যক্ষ প্রফেসর ডা. মো. আবদুল হালিম। তিনি টাঙ্গাইল শাখা ওজিএসবির প্রেসিডেন্ট।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কলেজের উপাধ্যক্ষ অধ্যাপক ডা. নিরঞ্জন চন্দ্র বসাক, গাইনি বিভাগের অধ্যাপক ডা. খন্দকার শাহনেওয়াজ, ওজিএসবি টাঙ্গাইল শাখার জেনারেল সেক্রেটারি ডা. রেহানা পারভীন (তিনি সহকারী অধ্যাপক গাইনি বিভাগ, শেখ হাসিনা মেডিকেল কলেজ, টাঙ্গাইল) এবং ভারতেশ্বরী হোমসের অধ্যক্ষা ত্রয়ী বড়ুয়া। তারা সবাই আলোচনায় অংশ নেন।

আরও বক্তব্য রাখেন ডা. সোহেলী নার্গিস, পাবলিকেশন সেক্রেটারি-ওজিএসবি, টাঙ্গাইল শাখা ও সহকারী অধ্যাপক গাইনি বিভাগ, কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজ এবং ডা. নাসরিন সুলতানা রত্না, ইন্টারন্যাশনাল সেক্রেটারি, ওজিএসবি, টাঙ্গাইল শাখা এবং কনসালটেন্ট গাইনি বিভাগ, শেখ হাসিনা মেডিকেল কলেজ, টাঙ্গাইল।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ডা. প্রদীপ কুমার রায়, পরিচালক, কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজ ও হাসপাতাল।

অনুষ্ঠানে দর্শক ছিলেন কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজ ও ভারতেশ্বরী হোমসের একদল কিশোরী ছাত্রী।

‘নারীর সুস্বাস্থ্য ও জাগরণ’ এই শ্লোগানকে সামনে রেখে ২০২২-এর নারী দিবসের প্রতিপাদ্য বিষয় ছিল ‘টেকসই আগামীর জন্য জেতার সমতাই আজ অগ্রগণ্য’।

কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজের বি পি পতি হলে সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করে ভারতেশ্বরী হোমসের ছাত্রীরা।

8<sup>th</sup> March is celebrated worldwide as International Women's Day (IWD). This day celebrates women's right to equal participation in all economic and social spheres and their right to be treated as equals of men in all sectors. In Bangladesh, this day was celebrated at both governmental and non-governmental levels.

On this occasion, the Tangail branch of the Obstetrical and Gynaecological Society of Bangladesh (OGSB), Kumudini Women's Medical College (KWMC) and Bharateswari Homes jointly organised a colourful rally, workshop and cultural function at Kumudini Complex, Mirzapur.

The Chief Guest at the event was Prof Dr Md Abdul Halim, Principal, KWMC and President OGSB. Present as Special Guests were KWMC Vice Principal, Prof Dr Niranjan Basak, Prof Dr Khandakar Shah Nawaz from the Gynaecology Department, the General Secretary of OGSB Tangail Branch, Dr. Rehana Parveen (Asst Prof Gynaecology, Sheikh Hasina Medical College, Tangail) and Ms Troyee Barua, Principal, Bharateswari Homes. The above individuals also participated in the discussion.

Among the speakers were Dr Soheli Nargis, Asst Prof Gynaecology, KWMC and Publication Secretary, OGSB and Dr Nasrin Sultana Ratna, International Secretary, OGSB, Tangail Branch and Consultant, Gynaecology, Sheikh Hasina Medical College, Tangail.

The event was chaired by Dr P K Roy, Director, Kumudini Hospital. The audience was composed of students from KWMC and Bharateswari Homes.

The topic of discussion was “*The Necessity of Women's Equality for a Sustainable Future*”, which in turn was based on the theme “*Women's Health and Awakening Self-Awareness*”.

This was followed by a cultural programme organised by the students of Bharateswari Homes.

উল্লেখ্য, ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামের প্রকাশিত সর্বশেষ প্রতিবেদন অনুসারে নারী পুরুষের সমতার দিক থেকে বিশ্বে ১৫৬টি দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান ৬৫তম।

বাংলাদেশের নারীরা আজ সচিব, বিচারক, সশস্ত্র বাহিনীসহ সব গুরুত্বপূর্ণ পদে অত্যন্ত সফলতার সঙ্গে দায়িত্ব পালন করছেন। আত্মকর্মসংস্থান ও উদ্যোক্তা হিসেবে বিশ্বে উদাহরণ সৃষ্টি করেছেন। বক্তাদের বক্তব্যে এসব বিষয় উঠে আসে।

Here, it may be mentioned that Bangladesh occupies the 65<sup>th</sup> position (out of 156 countries) from a Male / Female equality point of view.

In Bangladesh, women hold positions as Judges, Secretaries to the Government, Officers in the Armed Forces and in the Private Sector. In the area of self-employment too, the women of Bangladesh have created history.



A colourful rally was organised on the occasion of IWD at Kumudini Complex.



Observance of International Women's Day at RPSU, Narayanganj.

### আরপিএসইউ ক্যাম্পাস

নারায়ণগঞ্জে রণদা প্রসাদ সাহা বিশ্ববিদ্যালয় (আরপিএসইউ)-এ আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষ্যে আলোচনা সভা, সাংস্কৃতিক অনুষ্ঠান ও দেয়াল চিত্র প্রদর্শনীর আয়োজন করা হয়। আলোচনায় অংশ নেন উপাচার্য প্রফেসর ড. মনীন্দ্র কুমার রায়, ডিন প্রফেসর ড. সুশীল কুমার দাস, রেজিস্ট্রার সরকার হিরেন চন্দ্র, ইংরেজি বিভাগের চেয়ারম্যান জুনায়েদ আহমেদ, আইন ও মানবাধিকার বিভাগের চেয়ারম্যান কাজী লতিফুর রেজা, ইংরেজি বিভাগের শিক্ষক সাইফুল আরেফিন লেলিন এবং তানজিলা হাবিব।

সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশ নেন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীবৃন্দ। ●

### RPSU Campus

To commemorate the day, RPSU organised a day long event in its Narayanganj Campus, during which a workshop, a cultural function and a Painting / Poster exhibition was held. Among the participants in the workshop were: VC Prof. Dr. Manindra Kumar Roy, Dean Prof. Dr. Sushil Kumar Das, Registrar Sarker Hiren Chandra, Chairman of the English Department Zunayed Ahmed, Chairman of the Law and Human Rights Department Kazi Latifur Reza and teachers of the English Department Saiful Islam Lenin and Tanjila Habib. This was followed by a cultural function organised by the students of RPSU. ●

### ইজি আউট কুমুদিনী ফার্মার নতুন ওষুধ

কুমুদিনী ফার্মা লি: (কেপিএল) সম্প্রতি ইজি আউট নামে একটি নতুন ওষুধ বাজারজাত করেছে। এটি একটি ওরাল সলিউশন। পুরাতন বা দীর্ঘস্থায়ী কোষ্ঠকাঠিন্যসহ যে কোনো কারণে সৃষ্ট সকল প্রকার কোষ্ঠকাঠিন্য প্রতিকারে এটি নির্দেশিত এবং নির্দেশিত মাত্রায় সেব্য। ইজি আউটের প্রতি বোতলে ১০০ মি. লি. ওরাল সলিউশন এবং সাথে একটি পরিমাপক কাপ থাকে। ●



ezyout oral solution.


### ezyout KPL's New Drug

Kumudini Pharma Ltd. (KPL) has recently launched a new drug called **ezyout**. This is an oral solution indicated for short term relief of prolonged and recurrent constipation and for the management of any etiology. This is to be taken at recommended dose.

Each bottle of **ezyout** contains 100 ml oral solution and a measuring cup. ●



## কুমুদিনীতে বাংলা নববর্ষ উদ্‌যাপিত



Celebration of Bengali New Year : 1429 at Mirzapur Kumudini Complex.



Dressing as Begum Rokeya Tasnia Tabassum, a student of Bharateswari Homes, performing at the newcomers reception ceremony.

## সাবেক অর্থমন্ত্রী প্রয়াত এ এম এ মুহিতের প্রতি কুমুদিনীর শ্রদ্ধা নিবেদন

সাবেক অর্থমন্ত্রী আবুল মাল আব্দুল মুহিত গত ২৯শে এপ্রিল রাজধানীর ইউনাইটেড হাসপাতালে মৃত্যুবরণ করেন। তাঁর বয়স হয়েছিল ৮৮ বছর। তাঁর জন্ম ১৯৩৪ সালের ২৫ জানুয়ারি সিলেটে। মৃত্যুকালে তিনি স্ত্রী, দুই ছেলে, এক মেয়ে এবং অনেক আত্মীয় স্বজন রেখে যান।

জনাব মুহিত অফুরন্ত জীবনীশক্তির অধিকারী এক প্রাণবন্ত মানুষ ছিলেন। প্রশাসনিক ও মুক্তিযুদ্ধ বিষয়ক গ্রন্থসহ তিনি ৩০টি গ্রন্থের প্রণেতা।

গত ৩০শে এপ্রিল সকালে গুলশান আজাদ মসজিদে ও বেলা সাড়ে ১১টায় সংসদ প্রাজায় জানাজা শেষে তাঁর মরদেহ সর্বস্তরের মানুষের শ্রদ্ধা নিবেদনের জন্য ঢাকার কেন্দ্রীয় শহীদ মিনারে নেয়া হয় এবং এরপর সেটি সিলেটে নিয়ে তাঁর পারিবারিক গোরস্থানে দাফন করা হয়।

শহীদ মিনারে অন্যান্যদের মধ্যে কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক রাজীব প্রসাদ সাহা জনাব মুহিতের মরদেহে শ্রদ্ধা নিবেদন করে পুষ্পস্তবক অর্পণ করেন।

উল্লেখ্য, ২০১৮ সালের ১৭ই মার্চ বাংলাদেশ সরকারের অর্থমন্ত্রী থাকাকালে তিনি মির্জাপুর কুমুদিনী কমপ্লেক্স পরিদর্শন করেন এবং কুমুদিনী হাসপাতালের নিবিড় পরিচর্যা কেন্দ্র বা ইনটেনসিভ কেয়ার ইউনিট (আইসিইউ)-এর উদ্বোধন করেন। ●



*Placing floral wreaths on the coffin of former Finance Minister Abul Maal Abdul Muhit on behalf of Kumudini Welfare Trust at Central Shaheed Minar.*

## Kumudini Pays Respects To Former Finance Minister A M A Muhit

On 29<sup>th</sup> April, 2022, Mr Abul Maal Abdul Muhit, the former Finance Minister of the Government of the People's Republic of Bangladesh passed away at the age of 88 in United Hospital, Dhaka. He left behind his wife, 2 sons, a daughter and countless relatives and well-wishers.

Mr Muhit was a visionary individual who has authored 30 books on Administration

and the Freedom Movement of Bangladesh.

His Namaz-e-Janaza was held at the Gulshan Azad Mosque on the 30<sup>th</sup> of April and at the Parliament Plaza (at 11 a.m.), after which, his body was taken to the Central Shaheed Minar in Dhaka, where people from all walks of life came to pay their respects. After this his body was taken for burial at his family graveyard in Sylhet.

Mr. Rajiv Prasad Shaha, Managing Director, KWT also visited the Central Shahid Minar to pay his last respects to the departed and placed floral wreaths on his coffin.

Here, it may be mentioned that on 17<sup>th</sup> March, 2018, Mr A M A Muhit visited Kumudini Complex, Mirzapur as Finance Minister. During this visit, he toured the entire complex and Inaugurated the Intensive Care Unit (ICU) at Kumudini Hospital. ●



*18 March 2018, Mirzapur : Inauguration of ICU at Kumudini Hospital by the then Finance Minister Mr A M A Muhit. -File Photo.*





Observance of 102th Birth Anniversary of the Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman at Ranada Prasad Shaha University (RPSU).

## ইফতার মাহফিল

## Iftar Mehfil



Iftar Party arranged at Kumudini Hospital.

গত ১৯শে এপ্রিল রণদা প্রসাদ সাহা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে পবিত্র রমজান উপলক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের উদ্যোগে ইফতার মাহফিলের আয়োজন করা হয়। এতে বিশ্ববিদ্যালয়ের তিন শতাধিক শিক্ষার্থী ও শিক্ষক অংশগ্রহণ করেন।  
পক্ষান্তরে, কুমুদিনী হাসপাতালে ইফতার মাহফিলের আয়োজন করা হয় গত ২৯শে এপ্রিল পবিত্র শবে কদরের দিন। এতে অংশ নেন হাসপাতালের ডাক্তার, ইন্টার্ন ডাক্তার, সেবিকা ও সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ। ●

On 19<sup>th</sup> April 2022, an Iftar Party was organised at the Narayanganj campus of Ranada Prasad Shaha University to celebrate Ramadan. The event was organised by the students. Over 300 students and teachers participated in the event.  
In Kumudini Hospital, Mirzapur, an Iftar Party was held on 29<sup>th</sup> April, 2022 to celebrate Shab-e-Kadar. Doctors, Interns, Nurses and other hospital staff participated in the event. ●

## কুমুদিনী হাসপাতাল চিকিৎসা পরিসংখ্যান জানুয়ারি-এপ্রিল : ২০২২

### টিকাদান কর্মসূচি

	জানুয়ারি	ফেব্রুয়ারি	মার্চ	এপ্রিল
পোলিও	৫৪৫	৪৭১	৪৯৩	৪৫৭
টিটি	১৯২	১২৪	১৪৭	১১৫
বিসিজি	১৫০	১৩৯	১২৩	১৪৪
রুবেলা	২৫৩	২৪৪	২৩০	২০০
প্যান্টাভ্যালেন্ট	৫১৮	৪৫০	৪৮২	৪৩২
পিসিডি	৫১৮	৪৫০	৪৮২	৪৩২
এফ,আই,পি,ডি	৩৩৬	২৯৮	৩২১	৩০১

### হাসপাতালে ভর্তিকৃত রোগী

	জানুয়ারি	ফেব্রুয়ারি	মার্চ	এপ্রিল
ভর্তি	৩৪০৯	৩০২৬	৩৭৬০	২৯৭৫

### বহির্বিভাগে মোট রোগী

	জানুয়ারি	ফেব্রুয়ারি	মার্চ	এপ্রিল
	৩০৩০৩	২৬১৮৮	৩৩৭৭৭	২৬৫৬১

### হাসপাতালে মৃত্যু

	জানুয়ারি	ফেব্রুয়ারি	মার্চ	এপ্রিল
	১২৪	১০৩	১০৬	৭১

### অস্ত্রোপচার পরিসংখ্যান, সার্জারি

	জানুয়ারি	ফেব্রুয়ারি	মার্চ	এপ্রিল
মেজর	৮৭	৮৮	১৩৮	৯১
সেমি মেজর	৩১	১৬	১৯	১৮
মাইনর	৪৩৬	৩৪১	৪০৮	৩৬১

### অর্থোপেডিক্স

	জানুয়ারি	ফেব্রুয়ারি	মার্চ	এপ্রিল
মেজর	৫০	৩৪	৭১	৩৩
সেমি মেজর	৩৩	৩১	৪৭	৩৮
মাইনর	৫৩২	৪৬৩	৪৫০	৫০৪

### নাক, কান, গলা

	জানুয়ারি	ফেব্রুয়ারি	মার্চ	এপ্রিল
মেজর	৪৯	৩০	৬২	৬৭
মাইনর	১১১	৬১	৪৮	৯৩

### গাইনি

	জানুয়ারি	ফেব্রুয়ারি	মার্চ	এপ্রিল
মেজর	৩৯	৪৬	৪৬	৬০
সেমি মেজর	৪৫	৩৭	৬২	৫৫
মাইনর	২	০	০	২

### অবস্টেট্রিক্স

	জানুয়ারি	ফেব্রুয়ারি	মার্চ	এপ্রিল
মেজর	২৫৫	১৯৭	১৯৯	১৮৬
স্বাভাবিক	১১৮	১২৪	১০৭	১১৪

### চক্ষু

	জানুয়ারি	ফেব্রুয়ারি	মার্চ	এপ্রিল
অপারেশন	১৮৯	১৭১	৩০৩	১২৭

### দন্ত

	জানুয়ারি	ফেব্রুয়ারি	মার্চ	এপ্রিল
মেজর	৩	৩	১৪	১১
সেমি মেজর	৫৬	৪১	৭২	৪০
মাইনর	২০৬	১৭১	১৯৪	১৪৬

### মাইনর অপারেশন

	জানুয়ারি	ফেব্রুয়ারি	মার্চ	এপ্রিল
বহির্বিভাগ	৫৬৯	৫২০	৬৮৩	৬৬৭

### চক্ষু শিবির

ঠিকানা	মাস/তারিখ	পুরুষ	মহিলা	মোট
ফুলবাড়িয়া, ময়মনসিংহ	৮/১/২০২২	৫৫	৫১	১০৬
পঁচিশমাইল, মধুপুর	১৫/১/২০২২	৩৪	৪৫	৭৯
ফুলবাড়িয়া, ময়মনসিংহ	৭/২/২০২২	৬৪	৭৭	১৪১
পঁচিশমাইল, মধুপুর	১৫/২/২০২২	৬০	৭৫	১৩৫
ফুলবাড়িয়া, ময়মনসিংহ	৭/৩/২০২২	১১৮	১১০	২২৮
পঁচিশমাইল, মধুপুর	১৫/৩/২০২২	৫৪	৬১	১১৫
ফুলবাড়িয়া, ময়মনসিংহ	৭/৪/২০২২	২৮	৪২	৭০
পঁচিশমাইল, মধুপুর	১৬/৪/২০২২	১৬	২৪	৪০

## Kumudini Hospital Treatment Statistics January-April : 2022

### Vaccination Programme

	January	February	March	April
Polio	545	471	493	457
T.T	192	124	147	115
B.C.G	150	139	123	144
Robela	253	244	230	200
Pantavalent	518	450	482	432
PCV	518	450	482	432
FIPV	336	298	321	301

### Patient Admitted in Hospital

	January	February	March	April
Admission	3409	3026	3760	2975

### Out Patient

	January	February	March	April
	30303	26188	33777	26561

### Patient Death in Hospital

	January	February	March	April
	124	103	106	71

### Surgery Operation

	January	February	March	April
Major	87	88	138	91
Semi Major	31	16	19	18
Minor	436	341	408	361

### Orthopaedics

	January	February	March	April
Major	50	34	71	33
Semi Major	33	31	47	38
Minor	532	463	450	504

### ENT

	January	February	March	April
Major	49	30	62	67
Minor	111	61	48	93

### Gynae

	January	February	March	April
Major	39	46	46	60
Semi Major	45	37	62	55
Minor	2	0	0	2

### Obstetrics

	January	February	March	April
Major	255	197	199	186
Normal	118	124	107	114

### Eye

	January	February	March	April
Operation	189	171	303	127

### Dental Operation

	January	February	March	April
Major	3	3	14	11
Semi Major	56	41	72	40
Minor	206	171	194	146

### Minor Operation

	January	February	March	April
Out Patient	569	520	683	667

### Eye Camp

Address	Month/Date	Male	Female	Total
Fulbaria Mymensingh	8/1/2022	55	51	106
Pachishmile, Modhupur	15/1/2022	34	45	79
Fulbaria Mymensingh	7/2/2022	64	77	141
Pachishmile, Modhupur	15/2/2022	60	75	135
Fulbaria Mymensingh	7/3/2022	118	110	228
Pachishmile, Modhupur	15/3/2022	54	61	115
Fulbaria Mymensingh	7/4/2022	28	42	70
Pachishmile, Modhupur	16/4/2022	16	24	40